সংবাদ

তারিখ 27 DEC 2017
পৃষ্ঠা ১ কলাম ৪

# ডিএনসিসি উপনির্বাচনে এসএসসি পরীক্ষার সূচি পরিবর্তন

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র পদে উপনির্বাচনের জন্য এসএসসি ও সমমানের পরীক্ষার সময়সূচি পরিবর্তন হচ্ছে। গতকাল রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে শিক্ষা বোর্ডের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে নির্বাচন কমিশন সচিবালয়ের ভারপ্রাপ্ত সচিব হেলালুদ্দীন আহমদ সাংবাদিকদের বলেন, নির্বাচন উপলক্ষে ২৪ ও ২৫ ফেব্রুয়ারির নির্ধারিত পরীক্ষা মার্চে অনুষ্ঠিত হবে। বৈঠকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক, বাংলাদেশ মাদ্রাসা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও ঢাকা বোর্ডের কন্ট্রোলার অংশ নেন। সচিব বলেন, উপনির্বাচন ও এই সিটির সঙ্গে ১৮টি নতুন ওয়ার্ডে কাউন্সিলর ও ৬টি সংরক্ষিত ওয়ার্ডে সাধারণ এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সঙ্গে নতুন এসএসসি : পৃষ্ঠা : ১৫ ক : ৬

## এসএসসি : পরীক্ষার

(১ম পৃষ্ঠার পর)

যুক্ত হওয়া ১৮টি ওয়ার্ডে কাউন্সিলর, ৬টি সংরক্ষিত ওয়ার্ডে সাধারণ নির্বাচন বিষয়ে তিন বোর্ডের চেয়ারম্যান ও ঢাকা বোর্ডের কন্ট্রোলারের সঙ্গে আজ বৈঠক হয়েছে। বৈঠকে এসব নির্বাচনের জন্য ২৪ ও ২৫ ফেব্রুয়ারি তারিখের এসএসসি ও সমমানের পরীক্ষা মার্চের নেয়ার অনুরোধ করা হয়েছে। এতে তারা সম্মত হয়েছেন। ফলে ঢাকা বোর্ডের এসএসসি ও সমমানের ওই দুইদিনের নির্ধারিত পরীক্ষার সময়সূচি পরিবর্তন করা হচ্ছে।

নির্বাচনের তারিখ সম্পর্কে সচিব বলেন, জানুয়ারির দ্বিতীয় সপ্তাহে তফসিল ঘোষণা করা হবে। আর ভোটগ্রহণ করা হবে ফেব্রুয়ারির শেষ সপ্তাহে। ২৪ তারিখের পরে যেকোন দিন এ নির্বাচনের তারিখ হতে পারে। কমিশন বৈঠকে এটি ঠিক করা হবে।